



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, অম্মাবাদ, চট্টগ্রাম
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স : ৭২৪৯৫৪
ই-মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০১২.০৩১.০০.০০.০৭৩/২০১৫/১২৪৭৭ (৫)

তারিখঃ ২৯/০৫/২০১৭ খ্রিঃ

সামুদ্রিক ঝড় 'মোরা' এর বিষয়ে
সীতাকুন্ড শিপ ব্রেকিং ইয়ার্ড সমূহের জন্য জরুরী বিজ্ঞপ্তি

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গোপসাগরে সৃষ্ট সামুদ্রিক ঝড় 'মোরা' ভয়াবহ রূপ ধারণ করে বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর হচ্ছে এবং আগামীকাল ৩০/০৫/২০১৭ তারিখ রোজ মঙ্গলবার দুপুরের দিকে চট্টগ্রাম এবং কক্সবাজার উপকূল অতিক্রম করতে পারে। উপকূল অতিক্রম করার সময় ঘূর্ণিঝড়টির প্রভাবে জলোচ্ছ্বাসের সম্ভাবনা রয়েছে। একই সময় জোয়ারের কারণে ঢেউয়ের উচ্চতা অনেক বৃদ্ধি পাবে মর্মে প্রবল ক্ষয়ক্ষতির আশঙ্কা আছে। এই ঝড়ের মোকাবেলায় প্রস্তুতিমূলক ব্যবস্থা হিসেবে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে :


১. ঝড়ের সাথে জলোচ্ছ্বাসের সম্ভাবনা রয়েছে তাই সীতাকুন্ডে বিচিং করা জাহাজগুলি যাতে ভেসে না যায় সে জন্য সেগুলিতে সম্ভব হলে ব্যালাস্ট ভর্তি করতে হবে অন্যথায় জাহাজের হালের মধ্যে বড় ধরনের ছিদ্র করে দিতে হবে,
২. সকল ধরনের জাহাজ ভাংগা কার্যক্রম বন্ধ রাখতে হবে,
৩. বিচিং করা জাহাজ সমূহের প্রতি সার্বক্ষণিক দৃষ্টি রাখতে হবে,
৪. কমপক্ষে একটি টাগবোট ইয়ার্ডের কাছাকাছি রাখতে হবে,
৫. জীবনরক্ষাকারী সরঞ্জাম প্রস্তুত রাখতে হবে,
৬. চট্টগ্রাম বন্দরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে,
৭. বিচিং এর জন্য অপেক্ষমান নোঙ্গরে থাকা নৌযানসমূহকে দুটি করে নোঙ্গর ব্যবহার করতে হবে,
৮. নৌযানের সকল সামগ্রী ভালভাবে বেঁধে রাখতে হবে,

ঝড় মোকাবেলা সংক্রান্ত যে কোন তথ্য, উপদেশ বা সাহায্যের নিমিত্তে নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম ও নৌ বাণিজ্য দপ্তর, খুলনায় নিম্নোক্ত ফোন নম্বর সমূহ সার্বক্ষণিক যোগাযোগের জন্য চালু রাখা হবে :

০৩১-৭২৪১৪০ → চট্টগ্রাম।

০১৭৫৪৯৯৩৭৪৭ → চট্টগ্রাম।

০১৭৪২৭১২৬৩৩ → খুলনা।


প্রিন্সিপাল অফিসার

বিতরণ : প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। নটিক্যাল সার্ভেয়ার, নৌ বাণিজ্য দপ্তর, খুলনা।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৩। সভাপতি, বাংলাদেশ শিপ ব্রেকার্স এসোসিয়েশন (বিএসবিএ), বাড়ি-৩৭৫, রোড-১৩, সিডিএ আ/এ, অম্মাবাদ, চট্টগ্রাম।
- ৪। সভাপতি, এসোসিয়েশন অব শিপ রিসাইক্লিং ইন বাংলাদেশ (এ এস আর বি), বিবিসি স্টীল ভবন দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম।

বিতরণ : সদয় অবগতির জন্য -

- ১। সচিব নৌ-পরিবহণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।